দৈনিক
ইনকিলাব

তারিখ ... 28 MAY 2009 ...
পৃষ্ঠা ... কলাম ...

# মাদ্রাসা শিক্ষা আধুনিকায়নের পক্ষে বৃটিশ মুসলিম প্রতিনিধি দল

**স্টাফ রিপোর্টার**

বাংলাদেশ সফররত বৃটিশ মুসলমান প্রতিনিধি দল মঙ্গলবার ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয় পরিদর্শন করেন। প্রতিনিধি দলের সদস্যরা ওইদিন সকালে আগারগাঁও প্রধান কার্যালয়ে এসে পৌঁছলে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল তাদের স্বাগত জানান। পরে প্রতিনিধি দল ইসলামিক ফাউন্ডেশনের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। এ সময় ইসলামিক পৃঃ ২ কঃ ৪

## মাদ্রাসা শিক্ষা আধুনিকায়নের

প্রথম পৃষ্ঠার পর

ফাউন্ডেশনের মহাপরিচালক ফাউন্ডেশনের সার্বিক কর্মকাণ্ড তুলে ধরেন। ফাউন্ডেশনের পক্ষে সচিব হাসান জাহাঙ্গীর আলম, ইসলামিক মিশনের পরিচালক ডা. শাহাদাত হোসেন, প্রকাশনা পরিচালক আবু হেনা মোস্তফা কামাল, পরিকল্পনা পরিচালক মোঃ সায়েদুদ্দিন খান, প্রেসের প্রকল্প পরিচালক হালিম হোসেন খান এবং ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগের সম্পাদক নুরুল ইসলাম মানিক বক্তব্য রাখেন। বৃটিশ প্রতিনিধি দলের পক্ষে উপস্থিত ছিলেন মেসবা আহমদ, আব্দুল কাইয়ুম, আমান খালেক, রাবিনা খান, তাহমিন লুবিয়া খান, রুনি হক, মোহাম্মদ বেলাল আব্দুল্লাহ, টনি লেথ, মকবুল আলী, ফরিয়ানাজ হোসেন, তৌহিদ ফিরোজ এবং এনামুর রহমান। বাংলাদেশের বৃটিশ হাইকমিশনের কাউন্টার টেররিজম এন্ড মাইগ্রেশন বিষয়ক আন্তর্জাতিক নিরাপত্তা বিভাগের প্রধান সিয়ান ম্যাক প্রাইস এ সময় উপস্থিত ছিলেন। প্রতিনিধি দল ধর্ম, শিক্ষা, রাজনীতি এবং সামাজিক সংস্কৃতি ও সম্প্রীতি বিষয়ে আলোচনা করেন। তারা বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা আধুনিকায়নে তাদের অভিজ্ঞতা বিনিময়ের প্রস্তাব করেন। বিশেষ করে এদেশের কওমী আলিয়া মাদ্রাসার দূরত্ব কমিয়ে আনতে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। ইসলামিক ফাউন্ডেশনের ব্যাপক কর্মকাণ্ড দেখে বৃটিশ মুসলিম প্রতিনিধি দল এর ভূয়সী প্রশংসা করেন। বিশেষ করে এখান থেকে সাড়ে তিন হাজার ইসলাম বিষয়ক বই প্রকাশে বিস্ময় প্রকাশ করেন। মসজিদভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষাকে একটি যুগান্তকারী হিসেবে অভিহিত করেন। প্রতিনিধি দল ইসলামিক ফাউন্ডেশন প্রেস পরিদর্শন করেন এবং এর ব্যাপক কর্মকাণ্ড দেখে সন্তোষ প্রকাশ করেন।